

■ সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১১৪১

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৫৪. ঈদের দিনের খুতবা (ভাষণ)।

بَابُ الْخُطْبَةِ يَوْمَ الْعِيدِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ حَنْبَلٍ، حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، وَمُحَمَّدُ بْنُ بَكْرٍ، قَالَا أَخْبَرَنَا أَبْنُ جُرَيْجٍ أَخْبَرَنِي عَطَاءُ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ، قَالَ سَمِعْتُهُ يَقُولُ إِنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَامَ يَوْمَ الْفِطْرِ فَصَلَّى فَبَدَأَ بِالصَّلَاةِ قَبْلَ الْخُطْبَةِ ثُمَّ خَطَبَ النَّاسَ فَلَمَّا فَرَغَ نَبِيُّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَزَلَ فَأَتَى النِّسَاءَ فَذَكَرَهُنَّ وَهُوَ يَتَوَكَّلُ عَلَى يَدِ بَلَالٍ وَبِلَالٌ بَاسِطٌ ثُوِيْهُ تُلْقِي فِيهِ النِّسَاءُ الصَّدَقَةَ قَالَ تُلْقِي الْمَرْأَةُ فَتَخَاهَا وَيُلْقِيْنَ وَيُلْقِيْنَ وَقَالَ أَبْنُ بَكْرٍ فَتَخَاهَا .

বাংলা

১১৪১. আহমদ ইবনে হাম্বল (রহঃ) জাবের ইবনে আবুল্জাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সৌদুল ফিতরের দিনে খুতবার পূর্বে নামায আদায় করেন। অতঃপর তিনি খুতবা দেন। খুতবা শেষ করার পর নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মহিলাদের নিকট যান এবং তাদের উপদেশ দান করেন। এ সময় তিনি বিলাল (রাঃ)-এর হাতের উপর ভর করেছিলেন এবং বিলাল (রাঃ) তার কাপড় বিছিয়ে দিয়েছিলেন, যার মধ্যে মহিলারা দান-সদকাহ নিক্ষেপ করেন।

রাবী বলেন, এ সময় মহিলারা নিজেদের গহনাপত্রও সেখানে দান করেছিলেন এবং এ ব্যাপারে বারংবার উৎসাহিত করা হচ্ছিল। (নাসাও)

English

Narrated Jabir ibn Abdullah:

The Prophet (ﷺ) stood on the day of the breaking of the fast ('Id) and offered prayer. He began the prayer before the sermon. He then addressed

the people. When the Prophet (ﷺ) finished the sermon, he descended (from the pulpit) and went to women. He gave them an exhortation while he was leaning on the hand of Bilal. Bilal was spreading his garment in which women were putting alms; some women put their rings and others other things.

ফুটনোট

সহীহঃ বুখারী ও মুসলিম।

বুখারী (অধ্যাযঃ দুই ঈদ, অনুঃ ঈদের দিন মহিলাদেরকে ঈমামের উপদেশ দেয়া, হাঃ ৯৭৮), মুসলিম (অধ্যাযঃ দুই ঈদ), নাসায়ী (অধ্যাযঃ দুই ঈদ, হাঃ ১৫৭৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=31534>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন